



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।



স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/৫৯/৮০৮


তারিখ : ২৭ আষাঢ় ১৪২৭  
১১ জুলাই ২০২১

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের গত ২২ জুন, ২০২১ইং তারিখের বশেমুরবিপ্রবি/র/জ.প্র/২০২১/৫৯/৭২৮ স্মারক সম্বলিত বিজ্ঞপ্তির অনুবৃত্তিক্রমে আদিষ্ট হয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার ঘোষিত সর্বাঙ্গিক কঠোর লকডাউনের সময় বর্ধিত হওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.২১৩, তারিখ ৫ জুলাই ২০২১ইং মোতাবেক ০৮/০৭/২০২১ থেকে ১৪/০৭/২০২১ ইং তারিখ পর্যন্ত এবং এ মর্মে পরবর্তীতে সরকার ঘোষিত সিদ্ধান্ত প্রতিপালিত হবে। এতদব্যতীত, ঈদ-উল-আযাহা ছুটি উপলক্ষ্যে আগামী ১৮/০৭/২০২১ থেকে ২৯/০৭/২০২১ইং তারিখ পর্যন্ত অত্র বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও দাপ্তরিক কার্যক্রম বন্ধ থাকবে। তবে জরুরি পরিসেবা যেমন- চিকিৎসা, পানি, বিদ্যুৎ, ইন্টারনেট সেবা, নিরাপত্তা, পরিবহন (প্রয়োজন অনুযায়ী) এবং পরিষ্কার-পরিচ্ছন্নতাসহ জরুরি ব্যবস্থাপনা এ ছুটির আওতামুক্ত থাকবে। এ সময়ে সংশ্লিষ্টদের যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণের অনুরোধ করা হলো। এতদব্যতীত উল্লেখিত ছুটির মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ কিংবা শাখার শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর দাপ্তরিক কাজে প্রয়োজন হলে তাকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের স্বার্থে বিভাগ/দপ্তরে আসতে হবে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের লকডাউন চলাকালীন সময়ে নিজ নিজ বাসায় অবস্থান করার জন্য অনুরোধ করা হলো। এ সময় বহিরাগত কাউকে ক্যাম্পাসে প্রবেশ করতে না দেয়ার জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ দেয়া হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে,


  
(মোঃ আব্দুর রউফ)  
রেজিস্ট্রার

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/জ.প্র/৫৯/৮০৮(৫০)

তারিখ : ২৭ আষাঢ় ১৪২৭  
১১ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সকল অনুষদ/বিভাগ/হল/দপ্তর প্রধান, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ২। সভাপতি, শিক্ষক সমিতি/অফিসার্স এসোসিয়েশন/কর্মচারী সমিতি, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৩। পরিবহন প্রশাসক, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)।
- ৫। উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।
- ৬। পি.এস. টু ভাইস-চ্যান্সেলর, বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)।
- ৭। অফিস নথি।

  
(মোঃ মোরাদ হোসেন)  
উপ-রেজিস্ট্রার